

জেলা

আন্দোলনের পর শাবিপ্রবির ২৫ শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহার

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ১১ অক্টোবর ২০২৫, ২২: ৫২



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ফাইল ছবি: প্রথম আলো

টানা তিন দিন আন্দোলনের পর কনিষ্ঠ (জুনিয়র) শিক্ষার্থীদের নির্যাতনের (র্যাগিং) অভিযোগে ২৫ শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) কর্তৃপক্ষ। আজ শনিবার বিকেল পাঁচটার দিকে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কালাম আহমেদ চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত সিভিকেটের ২৩৭তম সভায় অনুমোদিত র‍্যাগিং ইস্যুতে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে বিভাগীয় প্রধানদের সঙ্গে শিক্ষার্থীদের আলোচনা ও সর্বসম্মত সুপারিশের ভিত্তিতে অর্থনীতি ও পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থীদের বহিষ্কারাদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো, যা পরবর্তী সিভিকেট সভায় অবহিত করা হবে।

গত সিভিকেট সভায় পৃথক তিনটি ঘটনায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের কনিষ্ঠ শিক্ষার্থীদের র‍্যাগিংয়ের অপরাধে জ্যেষ্ঠ ২৫ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়ার সিদ্ধান্ত হয়। এর মধ্যে ২০২২-২৩ শিক্ষাবর্ষের অর্থনীতি বিভাগের ১২ শিক্ষার্থী ও পরিসংখ্যান বিভাগের ১৩ শিক্ষার্থী আছেন। এ সাজা প্রত্যাহারের দাবিতে বুধবার থেকে টানা তিন দিন শিক্ষার্থীরা আন্দোলন করেন। এর পরিপ্রেক্ষিতে বহিষ্কারাদেশ প্রত্যাহারের এই সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

